

২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ভর্তি বিজ্ঞপ্তি (Fifth Phase)

২০২১-২০২২ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক ভর্তি প্রক্রিয়ার পঞ্চম পর্যায়ের কার্যক্রম আগামী ১৪/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১৬/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>)-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

প্রত্যেক আবেদনকারী তার মেধাক্ষোর ও বিভাগ পছন্দক্রম অনুযায়ী আবেদনকৃত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতকৃত মেধাক্রম অনুসারে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে একটি নির্দিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য মনোনীত হবে (বিস্তারিত স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত)। এই পর্যায়ে যে সকল আবেদনকারী প্রথমবার প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হয়েছে শুধুমাত্র তাদের ভর্তির ক্ষেত্রে নিম্নের সময়সূচী অবশ্যই মানতে হবে (১ ও ২):

- ১। অনলাইনে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন ও প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান: ১৪/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১৬/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে সম্পন্ন করতে হবে।
- ২। মূল কাগজপত্র জমা: ১৪/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা এবং ১৫/১২/২০২২ ও ১৭/১২/২০২২ তারিখ সকাল ০৯:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টার মধ্যে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র আবেদনকারী যে বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি হচ্ছেন সেই বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে, অন্যথায় প্রাথমিক ভর্তি বাতিল হয়ে যাবে। মূল নম্বরপত্র দুটি আবেদনকারীর নাম ও GST রোল নম্বর লিখা একটি A4 সাইজের খামে করে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ১৬/১২/২০২২ তারিখ বিশ্ববিদ্যালয়সমূহ বন্ধ থাকবে বিধায় কাগজপত্র জমা দেওয়া যাবে না।

বিশেষ দ্রষ্টব্যঃ

- আবেদনকারী প্রথমবার এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হলে তাকে অবশ্যই তার পছন্দ অনুযায়ী একটি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে।
- প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে GST গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।

ইতোমধ্যে প্রাথমিক ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রয়োজ্যঃ

- GST-ভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে প্রাথমিক ভর্তি সম্পন্ন করে থাকলে পুনরায় ভর্তি হতে হবে না।
- কোন আবেদনকারী একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি থাকা অবস্থায় অন্য এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য মনোনীত হলে তার পছন্দমত অন্য বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেশন (University Migration) করতে পারবে।
- ইতোমধ্যে যে সকল বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে পরবর্তী পর্যায়ে আর কখনও সেই সকল বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।
- University Migration সম্পন্ন করলে পূর্বের বিশ্ববিদ্যালয়ে আর ভর্তির জন্য বিবেচিত হবে না।
- প্রয়োজ্য ক্ষেত্রে আবেদনকারীকে নিজ দায়িত্বে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে <https://gstadmission.ac.bd> ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে University Migration (১৪/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১৬/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে) সম্পন্ন করতে হবে।
- সেক্ষেত্রে কোনো বিশ্ববিদ্যালয়ে সশরীরে উপস্থিত হবার প্রয়োজন নাই। মূল কাগজপত্র যে বিশ্ববিদ্যালয়ে জমা আছে সেখানেই থাকবে।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ যথাক্রমে GST Admission System ও GST Admission Guideline -এ প্রদত্ত।